# Times Today BD

ডেস্ক রিপোর্ট | শিক্ষা | 04 July, 2025

দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কর্মরত শিক্ষকদের কাছ থেকে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির পাঠ্যবইয়ের ভুল চিহ্নিত করে সংশোধন এবং পরিমার্জনের প্রস্তাব আহ্বান করা হয়েছে।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দারের সই করা অফিস আদেশে বৃহস্পতিবার (৩ জুলাই) এ প্রস্তাব আহ্বানের কথা জানানো হয়।

অফিস আদেশে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা দেওয়া হয় যে, ২০২৫ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির পাঠ্যবইয়ের ভুল সংশোধনের জন্য সংশোধন ও পরিমার্জনের প্রস্তাব সংযুক্ত ছক এবং নির্ধারিত নির্দেশনা অনুযায়ী আগামী ৭ জুলাইয়ের মধ্যে হার্ড কপি ও সফট কপি ইমেইল (□□□□.□□□□@□□□□□.□□□.□□) পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এ প্রক্রিয়াটি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ১ জুলাইয়ের নির্দেশনার আলোকে বাস্তবায়ন করা হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয় পাঠ্যবই

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:18

URL: https://timestodaybd.com/public/education/7758074177